৩৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২১-৭৭৫৫ তারিখঃ ২৯/০৮/২০২১ খ্রিঃ

বিষয়ঃ ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা কার্যক্রম ৩.১ বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর )পরিদর্শন পরবর্তী প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা কার্যক্রম ৩.১ বাস্তবায়নে গত ২৯/০৭/২০২১খ্রিঃ তারিখ জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর )এর নার্সিং সেবার মান উন্নয়নের লক্ষ্যে পরিদর্শন কার্যক্রমের প্রথম ত্রৈমাসিক প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ----------- পাতা।

২৯/০৮/২১
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ই-মেইলঃ info@dgnm.gov.bd

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ যুগ্মসচিব, প্রশাসন -৩ অধিশাখা।)

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২১-৭৭৫৫/১(৭) তারিখঃ ২৯/০৮/২০২১ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। উপ-সচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। সিনিয়র সহকারি সচিব (প্রশাসন- ৩ শাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। উপ-পরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫। সহকারি প্রোগ্রামার, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।(পত্রটি ওয়েব সাইটে প্রকাশ নিশ্চিতের জন্য)
৬। সেবা তত্ত্বাবধায়ক ,জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর),ঢাকা । আপনাকে পরিদর্শন প্রতিবেদনের পর্যবেক্ষণ সমূহ এবং সুপারিশমালা বাস্তবায়নের জন্য অনুরোধ করা হল ।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যাক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,মহাখালী, ঢাকা।

২৯/০৮/২১
সহকারী পরিচালক (সমন্বয়)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

৩২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২১ তারিখঃ ২৯/০৮/২০২১ খ্রিঃ

বিষয়ঃ ২০২১-২২ অর্থ বছরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রম ৩.১ বাস্তবায়নের জন্য জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) এ "নার্সিং সেবার মান উন্নয়ন" এর লক্ষ্যে পরিদর্শন পরবর্তী প্রতিবেদন প্রেরণ।

গত ২৯/০৭/২০২১খ্রিঃ তারিখ ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রম ৩.১ বাস্তবায়নের জন্য নৈতিকতা কমিটি কর্তৃক জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) পরিদর্শন করা হয়। পরিদর্শনকারী কর্মকর্তাদের নাম ও পদবী নিম্নে উল্লেখ করা হল।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | নৈতিকতা কমিটিতে পদবী |
|---|---|---|
| ১। | জনাব সিদ্দিকা আক্তার<br>মহাপরিচালক | সভাপতি |
| ২। | জনাব মোঃ নাসির উদ্দিন<br>পরিচালক (প্রশাসন ও শৃঙ্খলা) | সদস্য |
| ৩। | জনাব রশিদুল মান্নাফ কবীর<br>পরিচালক (শিক্ষা) | সদস্য |
| ৪। | জনাব শিরিন আখতার<br>পরিচালক (অর্থ ও বাজেট) | সদস্য |
| ৫। | জনাব ফিরোজা বেগম<br>উপ- পরিচালক (প্রশাসন ওশিক্ষা) | সদস্য |
| ৬। | জনাব নাসরিন খানম<br>উপ- পরিচালক (অর্থ) | সদস্য |
| ৭। | মিরা রানী দাস<br>সহকারি পরিচালক (প্রশাসন) | সদস্য |
| ৮। | মোঃআব্দুল লতিফ<br>সিনিয়র স্টাফ নার্স | সদস্য |
| ৯। | মোছাঃ ফরিদা ইয়াসমিন<br>সিনিয়র স্টাফ নার্স | সদস্য |
| ১০। | মোঃ আনোয়ার হোসেন<br>প্রশাসনিক কর্মকর্তা | সদস্য |
| ১১। | সুলতানা পারভীন<br>সহকারি পরিচালক (সমন্বয়) | সদস্য-সচিব |

পরিদর্শনের শুরুতে হাসপাতালের পরিচালক মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাত করা হয়। তিনি হাসপাতালের সেবা শাখার কতিপয় সমস্যা তুলে ধরেন। তন্মধ্যে রোগী অনুপাতে নার্সিং জনবল খুবই কম বলে উল্লেখ করেন। আগামী ০১/০৮/২০২১ খ্রিঃ তারিখ থেকে ১৫০ শয্যার করোনা ইউনিট চালু হওয়ার বিষয়টি উল্লেখ করে তিনি নার্সিং জনবলের শূন্য পদসমূহ পূরণের জন্য মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর দৃষ্টি আকর্ষণ করেন।

অতঃপর সেবা তত্ত্বাবধায়ক ও নার্সিং সুপারভাইজারগণসহ পরিদর্শন টীম কর্তৃক হাসপাতালের বিভিন্ন ওয়ার্ড সমূহের রোগীদের স্বাস্থ্য সেবা প্রদানকারী সিনিয়র স্টাফ নার্সগণের কার্যক্রম পরিদর্শন করা হয়। প্রতিটি ওয়ার্ডে ঔষধপত্র, চিকিৎসা সরঞ্জামাদি ছাড়াও নার্সগণের হাত ধোওয়ার জন্য সাবান ও পর্যাপ্ত স্যানিটাইজার এবং স্বাস্থ্য সুরক্ষার জন্য পিপিই র ব্যবস্থা করা আছে মর্মে দেখা যায়। ওয়ার্ড সমূহ পরিষ্কার পরিচ্ছন্ন ছিল। সরবরাহকৃত ঔষধের তালিকা বোর্ডে দৃশ্যমান ছিলো।

**হাসপাতালের শয্যা সংখ্যা, রোগী সংখ্যা ও নার্সিং জনবলের তথ্যাদিঃ-**

| | | |
|---|---|---|
| ১. | মঞ্জুরীকৃত শয্যা সংখ্যাঃ | ৮১১ (আট শত এগার ) টি |
| ২. | মোট ওয়ার্ড | ১৭ (সতের ) টি |
| ৩. | বর্তমানে ভর্তিকৃত মোট রোগীর সংখ্যা | ৫১৮ (পাঁচশত আঠার ) জন |
| ৪. | সেবা তত্ত্বাবধায়ক | ০২ (দুই ) জন |
| ৫. | নার্সিং সুপারভাইজার | ২০ (বিশ ) জন |
| ৬. | সিনিয়র স্টাফ নার্স | মোট পদ- ৫৭৭ (পাঁচশত সাতাত্তর) টি<br>কর্মরত - ৩১৫ ( তিনশত পনের ) টি<br>শূন্য পদ – ২৬২ (দুইশত বাষট্টি) টি |
| ৭. | স্টাফ নার্স | মোট পদ- ৬৩ (তেষট্টি) টি<br>কর্মরত - ৫৫ ( পঞ্চান্ন ) জন<br>শূন্য পদ – ০৮ (আট) টি |
| ৮. | সহকারি নার্স | ০৬ ( ছয় ) জন |

## চেক লিস্ট

| ক্রমিক নং | চেকলিষ্ট আইটেম | অতিউত্তম (০৪) | উত্তম (০৩) | চলতিমান (০২) | অসন্তোষ জনক (০১) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | হাজিরা নিশ্চিত করণ | √ | | | | |
| ২. | ড্রেস/ ইউনিফর্মের রং এর মান | | √ | | | |
| ৩. | ডিউটি রোস্টার মোতাবেক সঠিক কর্মবন্টন ও শিফট বন্টন নিশ্চিত করণ | | | √ | | |
| ৪. | ওয়ার্ড ইনচার্জ পরিবর্তন নীতিমালা বাস্তবায়ন | √ | | | | |
| ৫. | অগ্রিম কর্মবন্টন ( এ্যাসাইনমেন্ট বুক) হালনাগাদ করণ | √ | | | | |
| ৬. | হাসপাতাল কর্তৃপক্ষের সাথে নিয়মিত যোগাযোগ/ মতবিনিময় | | √ | | | |
| ৭. | রোগীর কথা মনোযোগ সহকারে শোনার মান | | √ | | | |
| ৮. | রোগীর স্বার্থে কথা বলার মান | | √ | | | |
| ৯. | রোগীর ও রোগীর আত্মীয়ের সংগে সম্মানজনক যোগাযোগ স্থাপনের মান | | √ | | | |
| ১০. | আন্তঃব্যাক্তিকযোগাযোগঃ- হাসাতালের চিকিৎসক ও অন্যান্য ব্যক্তিবর্গের সাথে | | √ | | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১১. | পেশাগত দক্ষতা | | √ | | | |
| ১২. | পেশাগত সার্বিক আচরণ | | √ | | | |
| ১৩. | সেবার মান নিশ্চিতকরণে উদ্যোগ | | √ | | | |
| ১৪. | রোগীর সার্বিক সেবা ব্যবস্থাপনা | | √ | | | |
| ১৫. | হাসপাতাল ওয়ার্ডের কাজের চাপ মোকাবেলার উদ্যোগ ও সমাধান কার্যক্রম | | √ | | | |
| ১৬. | স্বাস্থ্য শিক্ষা প্রদান কার্যক্রম | | | √ | | |
| ১৭. | ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ | | | √ | | |
| ১৮. | চেইন অফ কমান্ড সিস্টেম | | | √ | | |
| ১৯. | প্রতি শিফটে রোগির হ্যান্ডওভার সঠিক ভাবে দেয়া ও নেয়া | | √ | | | |
| ২০. | ওয়ার্ড রাউন্ড নিশ্চিত করণ | | √ | | | |

**পর্যবেক্ষণঃ-** ওয়ার্ডসমূহ পরিষ্কার পরিচ্ছন্ন ছিল। তবে কিছু ওয়াশরুম অপরিষ্কার ছিল। ঔষধপত্রে সঠিকভাবে লেবেল করা আছে। ড্রেসিং ট্রলি পরিষ্কার ছিল। ড্রেসিং প্যাক ও গজ ব্যান্ডেজ পর্যাপ্ত ছিল। রেকর্ড পত্র হালনাগাদ আছে। ড্রেস সঠিক ছিল। বিভিন্ন ধরনের চার্ট মার্ক করা হয় । নার্সদের জন্য আলাদা ওয়াশরুম আছে । নার্সিং সুপারভাইজার কর্তৃক রাউন্ড দেয়া হয়। রেকর্ড সংরক্ষণে কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত জনবল নেই। হাসপাতালের সার্বিক অবস্থা সন্তোষজনক নয়। নূতন নিয়োগপ্রাপ্ত নার্সগণ অরিয়েন্টেশন প্রশিক্ষণ পাননি।

**সুপারিশমালাঃ-**

১। হাসপাতালের নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভার ও কার্যবিবরণী নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে প্রেরণ।
২। উক্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে প্রেরণ।
৩। চেকলিস্ট অনুযায়ী সকল কাজ হালনাগাদ রাখা।
৪। সকল সমস্যা লিখিতভাবে কর্তৃপক্ষকে জানানো।
৫। সেবা তত্ত্বাবধায়ক কর্তৃক নিয়মিত ওয়ার্ড রাউন্ড ও প্রতিবেদন পরিচালককে অবগত করা।
৬। সেবার মান উন্নয়নের লক্ষ্যে উদ্ভাবনী ও সৃজনশীল পদ্ধতি প্রয়োগ করা।
৭। নার্সিং ও ক্লিনিক্যাল প্রাকটিসের বিদ্যমান প্রক্রিয়া উন্নতকরণপূর্বক অধিকতর রোগীবান্ধব করার উদ্যোগ গ্রহণ করা।
৮। রোটেশন প্লান করে রোষ্টার মেইনটেন করা।
৯। স্থানীয়ভাবে হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক নার্সগণকে প্রশিক্ষণ প্রদান করা।
১০। রোগীর সেবার মান উন্নয়নের লক্ষ্যে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক জারীকৃত নির্দেশনাসমূহ বাস্তবায়ন করতে প্রয়োজনীয় সকল উদ্যোগ গ্রহন করা।

**উপসংহারঃ-**

স্বাস্থ্য সেবার মান বিশ্বমানের পর্যায়ে উন্নীতকরনসহ SDG এর লক্ষ্যমাত্রা পূরণ নিশ্চিতকরণে সরকারী নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের বিকল্প নেই। এ লক্ষ্যে পরিদর্শন কার্যক্রম অব্যাহতর রাখা সহ এ প্রতিবেদনের পর্যবেক্ষণ ও সুপারিশমালা সমূহ বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হল।

রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক ( শিক্ষা )
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।